Department of Education
Carmen Fariña, Chancellor

নোটিশ
৮ অক্টোবর, ২০১৪

২০১৫-২০১৬ স্কুল বছরের শুরু থেকে পিএস ১৫২ গোয়েনডোলিন এন. অ্যালিন স্কুল(৩০কিউ১৫২)-কে কিন্ডারগার্টেন-৬ গ্রেড স্কুল থেকে কিন্ডারগার্টেন-৫ গ্রেডের স্কুল করার প্রস্তাব।

I. বিষয়ের বর্ণনা এবং বিবেচনাধীন প্রস্তাবিত বিষয়ের উদ্দেশ্য।

পিএস ১৫২ গোয়েনডোলিন এন. অ্যালিন স্কুল(৩০কিউ১৫২, "পিএস ১৫২")একটি বিদ্যমান এলিমেন্টারি স্কুল যা কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের পরিসেবা এবং দুটি অর্ধ দিবসের প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচি প্রদান করে। নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই")প্রস্তাব দিয়েছে যে, পিএস ১৫২ শুধুমাত্র কিন্ডারগার্টেন থেকে ৫ম গ্রেডের শিক্ষার্থীদেরকে পরিসেবা প্রদান করবে যার অর্থ ২০১৪-২০১৫ স্কুল বছরের পরে স্কুলটি ৬ষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদেরকে আর পরিসেবা দেবে না। ডিওই বিশ্বাস করে, ৫ম গ্রেড শেষ করার পর সকল শিক্ষার্থী মিডল্ স্কুল শুরু করলে পিএস ১৫২-এর সকল পরিবার লাভবান হবে। মিডল্ স্কুলগুলো সাধারণত একেবারে ভিন্ন এবং সমৃদ্ধ শিক্ষা কর্মসূচি প্রদান করে, বিশেষভাবে বিজ্ঞান ও ভাষা এবং পাঠ্যক্রম বর্হিভূত বিষয়সমূহে। এইসব কর্মসূচির সহায়তায় মিডল্ স্কুল বিল্ডিংগুলোতে সাধারণত আরও বেশি জায়গা এবং সুযোগ-সুবিধা রয়েছে। ৭ম গ্রেডে মিডল্ স্কুলে প্রবেশ না করে ৬ষ্ঠ গ্রেডে প্রবেশ করলে, পিএস ১৫২-এর শিক্ষার্থীরা এক বছর আগে এইসব সমৃদ্ধ, হাই-স্কুল প্রস্তুতির অভিজ্ঞতা অর্জনের সুবিধা লাভে সক্ষম হবে।

ডিওই পিএস ১৫২ থেকে ষষ্ঠ গ্রেড বাদ দেবার প্রস্তাব করছে। পিএস ১৫২ একটি জোনভুক্ত এলিমেন্টারি স্কুল যা বর্তমানে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট ৩০("ডিস্ট্রিক্ট ৩০") -এ 33-52 62nd Street, Queens, NY 11377 ঠিকানায় অবস্থিত বিল্ডিং কিউ ১৫২-তে কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থীদের পরিসেবা প্রদান করে। এই প্রস্তাব অনুমোদিত হলে, ২০১৪-২০১৫ স্কুল বছরের শেষে পিএস ১৫২-তে আর কোন ষষ্ঠ-গ্রেডের শিক্ষার্থী ভর্তি করা হবে না। ২০১৫-২০১৬ শিক্ষাবছর এবং পরবর্তীতে, পিএস ১৫২ কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদের পরিসেবা প্রদান এবং একটি প্রি-কে কর্মসূচি অব্যাহত রাখবে। কিছু ষষ্ঠ গ্রেড শিক্ষার্থী থাকতে পারে যারা প্রোমোশনের শর্ত পূরণ করতে সক্ষম হয়নি এবং আবারও তাদের বাধ্যতামূলকভাবে ষষ্ঠ গ্রেডে থাকতে হবে যা ২০১৫-২০১৬ শিক্ষা বছরে পিএস ১৫২-তে থাকবে না। এই শিক্ষার্থীরা তাদের জোনভুক্ত মিডল্ স্কুলে পুনরায় তাদের ষষ্ঠ গ্রেড শেষ করবে। ষষ্ঠ-গ্রেডে যেসকল শিক্ষার্থী এলিমেন্টারি স্কুলের জন্য পিএস ১৫২-তে জোনভুক্ত তারা অনেক কটি মিডল্ স্কুলের কোন একটিতে জোনভুক্ত: আই.এস ১২৫ (২৪কিউ১২৫, "আই.এস ১২৫"), আই.এস ১০(৩০কিউ০১০, "আইএস ১০") অথবা আইএস ২৩০(৩০কিউ২৩০, "আইএস ২৩০") মিডল্ স্কুলের জন্য।

পিএস ১৫২ একটি জোনভুক্ত স্কুল যা বর্তমানে কিন্ডারগার্টেন থেকে ষষ্ঠ-গ্রেডের শিক্ষার্থীদের ভর্তি করে। শিক্ষার্থীর জোন নির্ধারিত হয় তার বাড়ির ঠিকানার ভিত্তিতে। এই প্রস্তাব যদি অনুমোদিত হয় এবং পিএস ১৫২ আর কোন ষষ্ঠ-গ্রেডের শিক্ষার্থীদেরকে পরিসেবা প্রদান না করে, পিএস ১৫২ তার জোনে বসবাসকারী

কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেডের শিক্ষার্থীদেরকে ভর্তি অব্যাহত রাখবে।

পিএস ১৫২-তে ষষ্ঠ গ্রেড বাদ দেবার প্রস্তাবটি ছাড়াও, ডিওই ডিস্ট্রিক্ট ৩০ কম্যুনিটি এডুকেশন কাউন্সিল ("সিইসি")-এ একটি জোন পুনর্বণ্টনের প্রস্তাব জমাদানের ইচ্ছাও রাখে যা ২২ সেপ্টেম্বর, ২০১৪-তে উপস্থাপিত হয়েছে এবং এর অন্তর্ভুক্ত ২০১৫-২০১৬ স্কুল বছরের পিএস ১৫২-এর জোন পরিবর্তন। জোন পুনর্বণ্টনের প্রস্তাব পিএস ১৫২-এর জোন আকৃতিকে কমাবে অর্থাৎ স্কুলটি এখন আরও কম সংখ্যক শিক্ষার্থীকে পরিসেবা দেবে এবং তার বিল্ডিং ব্যবহারের হারও পরে কমবে। ডিস্ট্রিক্ট ৩০ সিইসি এই প্রস্তাবের উপর ১৬ অক্টোবর, ২০১৪ তারিখে ভোট করবে সেটিই প্রত্যাশিত এবং কার্যকরী করার আগে জোন পুনর্বণ্টনের প্রস্তাবটি অবশ্যই অনুমোদিত হতে হবে।

গ্রেড বাদ দেবার প্রস্তাবটি ডিস্ট্রিক্ট ৩০ এবং সিটিতে অবস্থিত অন্য স্কুলগুলোর সাথে এই স্কুলের গ্রেড পরিধিকে সমন্বিত করবে। এই প্রস্তাবটি অনুমোদিত হলে, পিএস ১৫২-এর গ্রেড পরিধি হ্রাস পেয়ে ২০১৫-২০১৬ শিক্ষাবছরে স্কুলে ভর্তি শিক্ষার্থীর সংখ্যা আনুমানিক ৪৫-৬৫ জন কম হবে। এছাড়া, উপরে উল্লিখিত প্রস্তাবিত জোন পুনর্বণ্টনের কারণে পিএস ১৫২-এর ভবিষ্যত কিন্ডারগার্টেন ক্লাস বর্তমান কিন্ডারগার্টেন ক্লাস থেকে ছোট হবে। সুতরাং, ২০২০-২০২১ স্কুল বছরে পিএস ১৫২ কম এবং একটি স্থির ভর্তি সংখ্যায় পৌঁছুবে। ঐ সময়, স্কুলটি কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড এবং প্রি-কিন্ডারগার্টেন মিলিয়ে আনুমানিক ১,০৯২-১,১৫২ শিক্ষার্থীকে পরিসেবা দেবে এবং বিল্ডিং কিউ১৫২-এর ব্যবহারের হার আনুমানিক ১০৪%-১০৯% হবে।

II. প্রস্তাবিত পরিবর্তন বিষয়ক পূর্নাঙ্গ তথ্য যেখানে পাওয়া যাবে, সে তথ্য।

শিক্ষা-সংক্রান্ত অভিঘাত বিবৃতি("ইআইএস")ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েব সাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/AboutUs/leadership/PEP/publicnotice/2014-2015/November2014SchoolProposals

ইআইএস-এর কপি পিএস ১৫২-এর মেইন অফিসেও পাওয়া যাবে।

III. জনগণের মতামত জমা দান।

লিখিত মন্তব্য D30Proposals@schools.nyc.gov ঠিকানায় পাঠান যাবে।

মৌখিক মতামত নম্বরে জানানো যাবে। 212-374-7621 নম্বরে জানানো যাবে।

IV. যিনি বিবেচনাধীন বিষয় সম্পর্কে জানেন, যার কাছে থোক বিষয়টি সম্পর্কে তথ্য পাওয়া যাবে, সিটির সেই ডিস্ট্রিক্ট প্রতিনিধির নাম, অফিস, ঠিকানা, ইমেইল এবং ফোন নম্বর।

নাম: ডিন গুজম্যান
অফিস: অফিস অব ডিস্ট্রিক্ট প্ল্যানিং:
ঠিকানা: 52 Chambers Street, New York, NY 10007
ইমেইল: D30Proposals@schools.nyc.gov
ফোন: 212-374-7621

V. এই প্রস্তাবের উপর যৌথ পাবলিক হিয়ারিংয়ের তারিখ, সময় এবং স্থান।

সোমবার, ১০ নভেম্বর সন্ধ্যা ৬টা।
বিল্ডিং কিউ১৫২
P.S. 152
33-52 62 Street
Queens, NY 11377

এই প্রস্তাব সম্পর্কিত যেকোন প্রশ্ন উপরের সেকশন IV-এ নির্দেশিত স্থানে জানাতে হবে।

বক্তাদের সাইন-আপ শুরু হবে হিয়ারিংয়ের ৩০ মিনিট আগে থেকে এবং চলবে হিয়ারিং শুরুর ১৫ মিনিট পর পর্যন্ত।

VI. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর যে সভায় প্যানেল প্রস্তাবিত বিষয়ে ভোগ গ্রহণ করবে, সে সভার তারিখ, সময় এবং স্থান।

২৫ নভেম্বর, ২০১৪, সন্ধ্যা ৬:০০টা।
হাই স্কুল ফর ফ্যাশন ইন্ডাস্ট্রিজ
225 West 24th Street
New York, NY 10011